

## আত্ম তারগীব ওয়াত্ত তারহীব

হাদিস নাম্বারঃ ৬৪১

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১২) তন্দ্রাবস্থায় নামায ও কুরআন পাঠের ব্যাপারে ভৌতি প্রদর্শন

الترهيب من صلاة الإنسان وقراءته حال النعاس

আরবী

(صحيح) عن عائشة رضي الله عنها أنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: إِذَا نَعَسَ أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلَيْرُقْدْ حَتَّى يَذْهَبَ عَنْهُ النَّوْمُ ، فَإِنَّ أَحَدَكُمْ إِذَا صَلَّى وَهُوَ نَاعِسٌ ، لَعَلَّهُ يَذْهَبُ يَسْتَغْفِرُ فَيَسْبُّ نَفْسَهُ ) . رواه مالك والبخاري ومسلم وأبو داود والترمذى

وابن ماجه والنسيائي

বাংলা

৬৪১. (সহীহ) আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ 'নামায পড়া অবস্থায় তোমাদের কেউ যদি বিমুতে থাকে, তখন সে যেন পুরোপুরি ঘুমিয়ে নেয়। কেননা বিমানো অবস্থায় নামায পড়তে থাকলে সে হয়তো নিজের জন্য মাগফিরাত চাইতে গিয়ে বদদু'আ করে ফেলবে।'

(বুখারী ২১২, মুসলিম ৭৮৬, আবু দাউদ ১৩১০, তিরমিয়ী ৩৫৫, নাসার্ট ১/১০০ ও ইবনে মাজাহ ১৩৭০)

(সহীহ) নাসার্টের বর্ণনারূপ এরকমঃ

إِذَا نَعَسَ أَحَدُكُمْ وَهُوَ يَصْلِي فَلَيْنِصَرِفْ فَلَعْلَهُ يَدْعُ عَلَى نَفْسِهِ وَهُوَ لَا يَدْرِي

'নামায পড়তে পড়তে তোমাদের কোন ব্যক্তির যদি তন্দ্রা এসে যায়, তবে সে যেন ফিরে যায়। কেননা হয়তো সে নিজের উপর বদদু'আ করে বসবে অথচ সে তা বুঝতে পারবে না।'

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88512>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন